www.bdniyog.com

# বাংলাদেশের ঐতিহাসিক স্থান ও নিদর্শন
## Historical Places & Patterns in Bangladesh

### উয়ারী বটেশ্বর (Wari-Bateshwar ruins)

উয়ারী ও বটেশ্বর নরসিংদীর বেলাব উপজেলায় অবস্থিত দুটি পাশাপাশি গ্রাম। গ্রাম দুটির পাশ দিয়ে প্রাচীনকাল থেকে বয়ে গেছে পুরাতন ব্রহ্মপুত্র নদ ও এর শাখা আড়িয়াল খাঁ, গঙ্গাজলি ও কয়রা নদী। এখানে গুরুত্বপূর্ণ প্রত্নস্থলের সন্ধান পাওয়া গেছে। এটি উয়ারী-বটেশ্বর নামে পরিচিত। ধারণা করা হয় চার খ্রিষ্টপূর্ব অব্দে মৌর্য যুগে এখানে একটি সভ্যতার যাত্রা শুরু হয়। পরীক্ষা করে দেখা গেছে, পুণ্ড্রনগরে সভ্যতা গড়ার কিছু আগে এখানে নগর সভ্যতা নির্মাণ করা হয়েছিল। এটি মাটির নিচে একটি দূর্গ নগরী।



প্রত্নতাত্ত্বিকদের অনেকেই উয়ারী বটেশ্বরকে টলেমির 'সৌনাগড়া' বলে উল্লেখ করে থাকেন। এখানে প্রাপ্ত চারটি পাথরে নিদর্শন প্রস্তর যুগের বলে মনে করা হয়। ২০১০ সালে এখানে আবিষ্কৃত হয় ১৪০০ বছরের প্রাচীন প্রাচীন ইট নির্মিত বৌদ্ধ পদ্মমন্দির। ১৯৩০ সালের দিকে স্থানীয় স্কুল শিক্ষক জনাব মোহাম্মদ হানিফ পাঠান প্রথম উয়ারি বটেশ্বরকে সুধী সমাজের নজরে আনেন। ২০০০ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ববিভাগের উদ্যোগে শুরু হয় এর প্রথম খনন কাজ। খনন কাজের নেতৃত্ব দেন বিভাগের প্রধান সুফী মোস্তাফিজুর রহমান।

BCS Spotlight

### পুণ্ড্রনগর (Mohasthangarh)

বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় অবস্থিত মহাস্থানগড় বাংলাদেশের অন্যতম প্রাচীন পুরাকীর্তি। বাংলার প্রাচীনতম জনপদ ছিল পুণ্ড্র বা পৌণ্ড্র। পুণ্ড্রদের আবাসস্থলই পুণ্ড্র বা পুণ্ড্রবর্ধন নামে পরিচিত।



এই পুণ্ড্র রাজ্যের রাজধানী ছিল পুণ্ড্রনগর। আনুমানিক খ্রিষ্টপূর্ব চার শতকে এই নগর গড়ে উঠেছিল। পুণ্ড্রনগরের বর্তমান নাম মহাস্থানগড়। এটি মৌর্য ও গুপ্ত রাজবংশের প্রাদেশিক রাজধানী ছিল। কথিত আছে, এখানে পরশুরামের সাথে ফকির বেশী আধ্যাত্মিক শক্তির অধিকারী হযরত শাহ সুলতান মাহমুদ বলখী (র.) এর যুদ্ধ হয়। যুদ্ধে (১২০৫- ১২২০ খ্রি.) পরশুরাম পরাজিত ও নিহত হন। শাহ সুলতান বলখী (র.) এ অঞ্চলে ইসলামের পতাকা উড্ডীন করেন। গড়ের পূর্ব পার্শ্বে রয়েছে করতোয়া নদীর তীরে অবস্থিত শীলাদেবীর

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

ঘাট। এখানে রয়েছে সম্রাট অশোক নির্মিত বৌদ্ধ স্তম্ভ যা 'বেহুলার বাসর ঘর' নামে পরিচিত। মহাস্থানগড়ে একটি ব্রাহ্মী লিপি পাওয়া গেছে। এটি হচ্ছে বাংলার প্রাচীনতম শিলালিপি। মহাস্থানগড়ের দর্শনীয় স্থান শাহ সুলতান বলখীর মাজার, পরশুরামের প্রাসাদ, খোদার পাথর ভিটা, বৈরাগীর ভিটা, গোবিন্দ ভিটা, লক্ষীন্দরের মেধ, কালীদহ সাগর, পদ্মাদেবীর বাসভবন ইত্যাদি। ১৮০৮ সালে বুকানন হ্যামিল্টন সর্বপ্রথম এ স্থানটি আবিষ্কার করেন। ১৮৭৯ সালে আলেকজান্ডার কানিংহাম স্থানটিকে প্রাচীন পুণ্ড্রবর্ধনের রাজধানী হিসাবে সনাক্ত করেন।

| স্থান | অবস্থান |
|---|---|
| বৈরাগীর ভিটা | মহাস্থানগড়, বগুড়া |
| বৈরাগীর চালা | শ্রীপুর, গাজীপুর |

## কোটিবর্ষ

দেবকোট (বা কোটিবর্ষ) ছিল বাংলার এক প্রাচীন শহর। কোটিবর্ষ ছিল পুণ্ড্রবর্ধন ভুক্তির একটি অংশ। অধুনা ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের দক্ষিণ দিনাজপুর জেলার বাণগড় গ্রামে এই শহরের ধ্বংসাবশেষ আবিষ্কৃত হয়েছে।

## নোয়াপাড়া ঈষাণচন্দ্রনগর

কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলার অন্যতম বৃহৎ অনাবিষ্কৃত প্রত্নতাত্ত্বিক স্থান। ধ্বংসাবশেষের বেশির ভাগ এলাকা বৌদ্ধ আমলের। পন্ডিতগণ মনে করেন এই নিদর্শনগুলো হারিয়ে যাওয়া নগরী কর্মান্ত ভাসাকর - যা সপ্তম শতকের সমতটের রাজধানী খাদগা।

## MCQ Solution

১. নিচের কোন প্রত্নস্থানটি আদি ঐতিহাসিক সময়ের প্রতিনিধিত্ব করে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১২-১৩]

ⓚ চাকলাপুঞ্জি ⓧ উয়ারী–বটেশ্বর
ⓖ কোটালিপাড়া ⓔ সোনারগাঁ
উত্তর: খ

২. বাংলাদেশে সর্বশেষ প্রত্নতাত্ত্বিক নিদর্শন আবিষ্কৃত হয়েছে– [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ -১১]

ⓚ মহাস্থানগড় ⓧ বান্দরবান
ⓖ উয়ারী-বটেশ্বর ⓔ ময়নামতি
উত্তর: গ

৩. উয়ারী-বটেশ্বর কেন আলোচিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪]

ⓚ পর্যটন স্থান ⓧ প্রশাসনিক কেন্দ্র
ⓖ তীর্থস্থান ⓔ প্রত্নতাত্ত্বিক স্থান
উত্তর: ঘ

৪. উয়ারী–বটেশ্বর কোথায় অস্থিত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ - ১৫ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজ বিজ্ঞান) : ০৮-০৯]

ⓚ নারায়ণগঞ্জ ⓧ মুন্সিগঞ্জ
ⓖ দাউদকান্দি ⓔ নরসিংদী
উত্তর: ঘ

৫. উয়ারী-বটেশ্বরের প্রত্নাবশেষ কোন সময়কার? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]

ⓚ ৩০০ খ্রি:পূ: ⓧ ৪০০ খ্রি:পূ:
ⓖ ৫০০ খ্রি:পূ: ⓔ ৬০০ খ্রি:পূ:
উত্তর: খ

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



৬. **The most ancient historical place of Bangladesh is -** [Shahjalal Islami Bank Ltd. Trainee Officer: 13/Agrani Bank Ltd. Senior Officer: 13/RAKUB Officer: 11/Bangladesh Bank AD: 04]

**Or,**

**বাংলাদেশের প্রাচীনতম ঐতিহাসিক স্থান কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম): ১২/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ): ০৫-০৬/ মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তা: ০৫]

ⓐ Paharpur ⓑ Mohasthangarh
ⓒ Sonargaon ⓓ Moynamoti
ⓔ Jagannathgonj **Ans. b**

৭. **মহাস্থানগড় এক সময় বাংলার রাজধানী ছিল, তখন তার নাম ছিল-** [১২তম বিসিএস / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা): ১২ / থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৫]

ⓚ মহাস্থান ⓚ কর্ণসুবর্ণ
ⓖ পুন্ড্রনগর ⓘ রামাবতী **উত্তর: গ**

৮. **পুন্ড্রবর্ধনের বর্তমান নাম-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ): ০৩-০৪]

ⓚ পাবনা ⓚ কুমিল্লা
ⓖ মহাস্থানগড় ⓘ পাহাড়পুর **উত্তর: গ**

৯. **প্রাচীন 'পুন্ড্রনগর' কোথায় অবস্থিত?** [২৫তম বিসিএস/ ১৩তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (পদ্মা): ১৪/ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান): ১৩-১৪ / খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ১২ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ডালিয়া): ১২]

**Or,**

**Which is the ancient capital of Pundravardhana?** [Jahangirnagar University (International Affairs): 13-14]

ⓚ ময়নামতি ⓚ বিক্রমপুর
ⓖ মহাস্থানগড় ⓘ পাহাড়পুর **উত্তর: গ**

১০. **মহাস্থানগড় কোন জেলায় অবস্থিত?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট): ০৬-০৭/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ৯২]

**Or,**

**In which district is the historic 'Mohasthangar' situated?** [NCC Bank Ltd. Officer: 02]

ⓚ রাজশাহীতে ⓚ কুমিল্লায়
ⓖ সোনারগাঁওয়ে ⓘ বগুড়ায় **উত্তর: ঘ**

১১. **বাংলাদেশের প্রাচীনতম শহর কোনটি?** [পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন গবেষণা কর্মকর্তা: ০৬ / স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক (মাদক): ০৬ / চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট): ০৫-০৬]

ⓚ সোনারগাঁ ⓚ রামপাল
ⓖ বিক্রমপুর ⓘ পুন্ড্র **উত্তর: ঘ**

১২. **বাংলাদেশের প্রাচীনতম নগর কেন্দ্র কোনটি?** [যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা: ০৬]

ⓚ ময়নামতি ⓚ পাহাড়পুর
ⓖ মহাস্থানগড় ⓘ সোনারগাঁ **উত্তর: গ**

১৩. **প্রাচীন বাংলায় পুন্ড্র নামটি ছিল একটি-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট): ০৭-০৮]

ⓚ জনপদের ⓚ প্রদেশের
ⓖ গ্রামের ⓘ নগরের **উত্তর: ক, ঘ**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

১৪. মৌর্য ও গুপ্ত বংশের রাজধানী কোথায় ছিল? [থানা শিক্ষা অফিসার : ৯৬]
ⓚ গৌড়ে　ⓚ ময়নামতিতে
ⓖ মহাস্থানগড়ে　ⓖ সোনারগাঁওয়ে　**উত্তর: গ**

১৫. মহাস্থানগড় কোন বংশের প্রত্নতাত্ত্বিক নিদর্শন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ⓚ মৌর্য বংশ　ⓚ পাল বংশ
ⓖ সেন বংশ　ⓖ গুপ্ত বংশ　**উত্তর: ক,ঘ**

১৬. বাংলাদেশের কোথায় মৌর্যযুগের শিলালিপি পাওয়া গেছে? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১ / বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০৫ / সাব-রেজিস্ট্রার : ০৩]
ⓚ পাহাড়পুর　ⓚ ময়নামতি
ⓖ মহাস্থানগড়　ⓖ রাজশাহী　**উত্তর: গ**

১৭. বিখ্যাত সাধক শাহ সুলতান বলখীর মাজার কোথায়? [১২তম বিসিএস/১০ম বিসিএস / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (জবা) : ০৯]
ⓚ মহাস্থানে　ⓚ শাহজাদপুরে
ⓖ নেত্রকোনায়　ⓖ রামপালে　**উত্তর: ক**

১৮. 'বৈরাগীর ভিটা' অবস্থিত- [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ⓚ বগুড়া　ⓚ ময়নামতি
ⓖ সোনারগাঁও　ⓖ বান্দরবানে　**উত্তর: ক**

১৯. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত? [১১তম বিসিএস/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার : ১৪/ বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৩/ খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ⓚ করতোয়া　ⓚ গঙ্গা
ⓖ ব্রহ্মপুত্র　ⓖ মহানন্দা　**উত্তর: ক**

২০. বাংলাদেশের মহাস্থান গড়ের পূর্বদিক দিয়ে প্রবাহিত নদীটির নাম কি? [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]
ⓚ কাঞ্চন　ⓚ কালীগঙ্গা
ⓖ কপোতাক্ষ　ⓖ করতোয়া　**উত্তর: ঘ**

২১. 'শীলাদেবীর ঘাট' কোথায় অবিস্থত? [মাধ্যমিক সহকারী শিক্ষক : ০৯]
ⓚ বগুড়া　ⓚ কুমিল্লা
ⓖ শিলিগুড়ি　ⓖ নওগাঁ　**উত্তর: ক**

২২. মহাস্থানগড় এবং প্রাচীন পুণ্ড্রবর্ধন নগরী যে একই কে এই শনাক্ত করণ করেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]
ⓚ কানিংহাম　ⓚ মার্শাল
ⓖ রাখালদাস　ⓖ রেনেল　**উত্তর: ক**

২৩. দক্ষিণ দিনাজপুরের বানগড়ে চিহ্নিত হয়েছে যে প্রাচীন নগর তার নাম – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব) : ১৩-১৪]
ⓚ কর্ণসুবর্ণ　ⓚ পুণ্ড্রনগর
ⓖ রামাবতী　ⓖ কোটিবর্ষ　**উত্তর: ঘ**

## সোনারগাঁও (Sonargoan)

সোনারগাঁও বর্তমানে নারায়ণগঞ্জ জেলার একটি উপজেলা। পূর্বে মেঘনা, পশ্চিমে শীতলক্ষ্যা, দক্ষিণে ধলেশ্বরী এবং উত্তরে ব্রহ্মপুত্র নদ দ্বারা বেষ্টিত একটি বিস্তৃত জনপদ সোনারগাঁও। এর পূর্ব নাম সুবর্ণগ্রাম। ঈসা খাঁর স্ত্রী সোনা বিবির নামানুসারে সোনারগাও এর নামকরণ করা হয়। সোনারগাঁর

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza　Edited by : Ajgar Ali　Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



দর্শনীয় স্থান - সোনাবিবির মাজার, পাঁচবিবির মাজার, পাঁচপীরের মাজার, গিয়াস উদ্দিন আজম শাহের মাজার, হোসেন শাহ নির্মিত একটি সদৃশ্য মসজিদ, ঈসা খাঁর স্মৃতি বিজড়িত লোক ও কারুশিল্প জাদুঘর, গ্রান্ড-ট্রাঙ্ক রোড ইত্যাদি। সোনারগাঁও এর পানাম নগরী উনিশ শতকে উচ্চবিত্ত ব্যবসায়ীদের বাসস্থান ছিল।



পানাম নগরী

## লালবাগের কেল্লা (Lalbagh Fort)

লালবাগের কেল্লা মুঘল আমলের ঐতিহাসিক নিদর্শন। এটি পুরোনো ঢাকার লালবাগে অবস্থিত একটি দুর্গ। এই কেল্লার পূর্ব নাম আওরঙ্গবাদ দুর্গ। সম্রাট আওরঙ্গজেবের শাসনামলে তার তৃতীয় পুত্র শাহজাদা মোহম্মদ আযম শাহ ১৬৭৮ খ্রিস্টাব্দে এর নির্মাণ কাজ শুরু করেন। সুবেদার শায়েস্তা খাঁর আমলে এর নির্মাণ কাজ অব্যাহত থাকে। তবে তার কন্যা পরিবিবি (প্রকৃত নাম ইরান দুখত) এর মৃত্যুর পর ১৬৮৪ খ্রিস্টাব্দে এর নির্মাণ কাজ বন্ধ করে দেন। কেল্লা এলাকাতে পরিবিবির সমাধি অবস্থিত।



কেল্লার উত্তর-পশ্চিমাংশে বিখ্যাত শাহী মসজিদ অবস্থিত।

| ঐতিহাসিক স্থান | অবস্থান | নির্মাতা |
|---|---|---|
| লালবাগের কেল্লা | ঢাকার লালবাগ, ঢাকা | শাহজাদা মোহম্মদ আযম শাহ এবং শায়েস্তা খাঁ |
| লালকেল্লা | দিল্লি, ভারত | সম্রাট শাহজাহান |

BCS Spotlight

## বড় কাটরা এবং ছোট কাটরা (Bara Katra & Choto Katra)

বড় কাটরা (Bara Katra) ঢাকার চকবাজারে অবস্থিত মুঘল আমলের নিদর্শন। সম্রাট শাহজাহানের পুত্র শাহসুজার নির্দেশে আবুল কাসেম ১৬৪১ খ্রিস্টাব্দে বুড়িগঙ্গা নদীর তীরে এই ইমারতটি নির্মাণ করেন। ছোট কাটরা ঢাকার চকবাজারে অবস্থিত শায়েস্তা খাঁর আমলে তৈরি একটি ইমারত। তিনি এটি সরাইখানা বা প্রশাসনিক কাজে ব্যবহারের জন্য নির্মাণ করেন। ১৬৬৩ সালে এর নির্মাণ কাজ শুরু হয় এবং ১৬৭১ সালে এর নির্মাণ কাজ শেষ হয়।



বড় কাটরা



ছোট কাটরা

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## হুসেনি দালান



হোসেনি দালান বা ইমাম বাড়া ঢাকা শহরের বকশিবাজার এলাকার একটি শিয়া উপাসনালয়। মুঘল সম্রাট শাহজাহানের আমলে এটি নির্মিত হয়। হিজরী ১০৫২ সনে সৈয়দ মীর মুরাদ এটি নির্মাণ করেন।

## MCQ Solution

১. সোনারগাঁও কেন বিখ্যাত? [শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণিভুক্ত শ্রম কর্মকর্তা : ০৪]
ⓚ শিল্প নগরী ⓚ লোকশিল্প যাদুঘর
ⓖ সোনার প্রস্তর পাওয়া যায় ⓖ একটি স্থল বন্দর
উত্তর : খ

২. পাঁচ বিবির মাজার কোথায়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০১-০২]
ⓚ সোনারগাঁও ⓚ লালবাগ
ⓖ চট্টগ্রাম ⓖ সিলেট
উত্তর: ক

৩. পাঁচ পীরের মাজার কোথায়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৫]
ⓚ সোনারগাঁয়ে ⓚ রাজশাহীতে
ⓖ ঢাকা শহরে ⓖ খুলনা বিভাগ
উত্তর: ক

৪. 'পানাম' কোন জেলায় অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইসলামী ইতিহাস ও সংস্কৃতি) : ০৫-০৬]
ⓚ নারায়ণগঞ্জ ⓚ ঢাকা
ⓖ কুমিল্লা ⓖ মুন্সীগঞ্জ
উত্তর: ক

৫. ঢাকা শহরের প্রধান মুঘল স্থাপত্য কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ - ১১]
ⓚ বর্ধমান হাউস ⓚ লালবাগ
ⓖ আহসান মঞ্জিল ⓖ বড় কাটারা
উত্তর: খ

৬. বিখ্যাত লালবাগ কেল্লা অবস্থিত- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯২]
ⓚ ঢাকায় ⓚ গাজীপুরে
ⓖ নারায়ণগঞ্জে ⓖ কুমিল্লায়
উত্তর: ক

৭. লালবাগের কেল্লা কোন থানায়? [শ্রম অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণিভুক্ত শ্রম কর্মকর্তা : ০৪]
ⓚ রমনা ⓚ কোতয়ালী
ⓖ ধানমন্ড ⓖ লালবাগ
উত্তর: ঘ

৮. লালবাগ কেল্লা নির্মাণ করা হয় - [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ⓚ ১৬০৫ সালে ⓚ ১৬৭৮ সালে
ⓖ ১৭৫৭ সালে ⓖ ১৫২৭ সালে
উত্তর: খ

৯. **Lalbagh Fort at Dhaka was constructed by- / ঢাকার লালবাগের দুর্গ কে নির্মাণ করেন?** [IFIC Bank Ltd. Probationary Officer : 92]
ⓐ Prince Azam, the third son of Aurangazeb
ⓑ Shaista Khan, the Mughul Governor of Bengal
ⓒ Bibi Pari, the daughter of Shaista khan
ⓓ Both (a) & (b)
**Ans. d**

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza		Edited by : Ajgar Ali		Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১০. লালবাগ কেল্লার নির্মাণ কাজ আরম্ভ করেন কে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম) : ১৩ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) : ১৩ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ০৫ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শিউলি) : ০৯]
ক) ইসলাম খান খ) শায়েস্তা খান
গ) যুবরাজ মোহাম্মদ আযম ঘ) মীর জুমলা উত্তর: গ

১১. ঢাকার লালবাগের দুর্গ নির্মাণ করেন- [৩৬তম বিসিএস/ ১৬তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২ / জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিকার অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী : ১৩/ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব : ০৫]
ক) শাহ সুজা খ) শায়েস্তা খান
গ) মীর জুমলা ঘ) সুবেদার ইসলাম খান উত্তর: ঘ

১২. আমাদের রাজধানীর লালবাগের কেল্লা কার সময় তৈরি হয়? [তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী গ্রেড-২:০৪]
ক) সম্রাট বাবর খ) সম্রাট আকবর
গ) সম্রাট শাহজাহান ঘ) সম্রাট আওরঙ্গজেব উত্তর: ঘ

১৩. লালবাগ কেল্লার আদি নাম- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাড়লা) : ১৩ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ক) পরীবিবির দুর্গ খ) আজম দুর্গ
গ) আওরঙ্গবাদ দুর্গ ঘ) শায়েস্তা খান দুর্গ উত্তর: গ

১৪. বিবি পরি কে ছিলেন? [বাতিলকৃত ২৪ তম বিসিএস / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা) : ১৩]
ক) আওরঙ্গজেবের কন্যা খ) শায়েস্তা খানের কন্যা
গ) মুর্শিদকুলি খানের স্ত্রী ঘ) আজিমুসশানের মাতা উত্তর: খ

১৫. লালবাগ কেল্লা কার সমাধিস্থল? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]
ক) আমেনা বেগম খ) জিনাতমহল
গ) পরিবানু ঘ) পরিবিবি উত্তর: ঘ

১৬. লালবাগ দুর্গের অভ্যন্তরে সমাধিতে সমাহিত শায়েস্তা খানে এক কন্যার আসল নাম- [১৭তম বিসিএস]
ক) পরিবিবি খ) ইরান দুখত
গ) জাহানারা ঘ) মরিয়ম উত্তর: খ

১৭. নিচের কোনটি লালবাগ দুর্গের অভ্যন্তরে অবস্থিত? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক/ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ১২ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (জবা) : ১১]
ক) পরি বিবির মাজার খ) ছোটকাটরা
গ) ষাট গম্বুজ মসজিদ ঘ) বড়কাটরা উত্তর: ক

১৮. 'হুসেনী দালান' কে নির্মাণ করেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]
ক) শায়েস্তা খান খ) শাহ মোহাম্মদ আজম
গ) সুবাদার ইসলাম খান ঘ) মীর মুরাদ উত্তর: ঘ

## রাজশাহীর বড়কুঠি

বড়কুঠি বাংলাদেশের রাজশাহী অঞ্চলের সর্বপ্রাচীন এবং সবচেয়ে আকর্ষণীয় ইমারত। অষ্টাদশ শতাব্দীর প্রথমে এটি নির্মিত হয় বলে ধারনা করা হয়। এটি প্রথমে ওলন্দাজ বা ডাচদের ব্যবসা কেন্দ্র ছিল।



Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

## উত্তরা গণভবন (Uttara Ganobhaban)



দিঘাপাতিয়া রাজবাড়ী (উত্তরা গণভবন) নাটোর জেলায় অবস্থিত এককালে দিঘাপাতিয়া মহারাজাদের বাসস্থান। এটি বর্তমানে বাংলাদেশ সরকারের উত্তরাঞ্চলীয় সচিবালয়। ১৭৪৩ সালে রাজা দয়ারাম রায় এটি নির্মাণ করেন। ১৮৯৭ সালে প্রলয়ংকরী ভূমিকম্পে রাজপ্রাসাদটি ধ্বংসস্তূপে পরিণত হয়। পরে রাজা প্রমদা নাথ রায় এটি পুনঃনির্মাণ করেন। ১৯৬৭ সালে তৎকালীন গভর্নর মোনায়েম খান একে গভর্নরের বাসভবন হিসাবে উদ্বোধন করেন। ১৯৭২ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই রাজবাড়ীর নামকরণ করেন 'উত্তরা গণভবন'।

## আহসান মঞ্জিল (Ahsan Manzil)



আহসান মঞ্জিল ঢাকার নবাবদের প্রাসাদ ছিল। এটি বুড়িগঙ্গা নদীর তীরে ঢাকার কুমারটুলিতে অবস্থিত। মুঘল আমে বরিশালের জমিদার শেখ এনায়েতউল্লাহ এ প্রাসাদটি তৈরি করেন। তার পুত্রের নিকট হতে ফরাসিরা এটি ক্রয় করে ব্যবসা কেন্দ্রে পরিণত করে। ঢাকার নবাব খাজা আলিমউল্লাহ ১৮৩০ সালে ফরাসিদের নিকট হতে ক্রয় করে এটিকে আবার প্রাসাদে পরিণত করেন। নবাব আব্দুল গণি নিজ পুত্র খাজা আহসানউল্লাহর নামানুসারে এটিকে 'আহসান মঞ্জিল' নামকরণ করেন। ১৮৯৭ সালে ঢাকায় ভূমিকম্প আঘাত হানলে আহসান মঞ্জিলের ব্যাপক ক্ষতি হয়। পরবর্তীকালে নবাব আহসানউল্লাহ তা পুনঃনির্মাণ করেন। ১৯০৬ সালে আহসান মঞ্জিলে অনুষ্ঠিত এক সভায় মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়। ১৯৯২ সালে আহসান মঞ্জিলকে 'আহসান মঞ্জিল জাদুঘরে' রূপান্তর করা হয়।

## ঢাকা কেন্দ্রীয় কারাগার (Dhaka Central Jail)

ঢাকা কেন্দ্রীয় কারাগার ঢাকা শহরের প্রধান কারাগার। এটি ঢাকার চানখারপুল এলাকায় অবস্থিত। মুঘল আমলে এখানে একটি দুর্গ ছিল। ব্রিটিশ শাসনামলে তা কারাগারে রূপান্তরিত করা হয়।

## কার্জন হল (Curzon Hall)



কার্জন হল ঢাকার একটি ঐতিহাসিক ভবন। ১৯০৪ সালের ১৯ ফেব্রুয়ারি ভারতের তৎকালীন ভাইসরয় ও বড়লাট লর্ড কার্জন এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এটি নির্মিত হয় ঢাকা কলেজের পাঠাগার হিসাবে। ১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে কার্জন হল অন্তর্ভুক্ত হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের জন্য - যা আজও ব্যবহৃত হয়।

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



## বঙ্গভবন (Bangabhaban)



বাংলাদেশের রাষ্ট্রপতির সরকারী বাসভবন বঙ্গভবন। এটি ঢাকার দিলকুশা এলাকায় অবস্থিত। ১৯০৫ সালে পূর্ববঙ্গ ও আসামের সরকার এ স্থানটি কিনে নেয় এবং প্রসাদোপম বাড়ি তৈরি করে। এটি ব্রিটিশ ও পাকিস্তান আমলে 'গভর্নর হাউস' নামে পরিচিত ছিল। স্বাধীনতা যুদ্ধের পর ১৯৭২ সালের ১২ জানুয়ারি গভর্নর হাউজের নাম পরিবর্তন করে 'বঙ্গভবন' করা হয়। ঐ দিনই আবু সাঈদ চৌধুরী বাংলাদেশের প্রথম সাংবিধানিক রাষ্ট্রপতি হন এবং এ স্থানটিকে রাষ্ট্রপতির ভবন হিসেবে ব্যবহার করেন।

## কমনওয়েলথ সমাধি

দ্বিতীয় বিশ্বযুদ্ধে (১৯৪১ - ১৯৪৫খ্রি.) বার্মায় সংঘটিত যুদ্ধে ৪৫০০০ কমনওয়েলথ সৈনিক নিহত হয়। তাদের স্মৃতি রক্ষার্থে তৈরি করা হয় রণ সমাধিক্ষেত্র (War cemetery)। বাংলাদেশে ২টি কমনওয়েলথ সমাধি ক্ষেত্র রয়েছে। একটি চট্টগ্রামে এবং অপরটি কুমিল্লার ময়নামতিতে।



কমনওয়েলথ ওয়ার সেমেট্রি, চট্টগ্রাম



ময়নামতি ওয়ার সেমেট্রি, কুমিল্লা

## তিন নেতার মাজার

তিন নেতার মাজার ঢাকা বিশ্ববিদ্যালয় (শাহবাগ থানা) এলাকায় অবস্থিত স্বাধীনতা পূর্ব বাংলার তিন বিখ্যাত নেতা হোসেন শহীদ সোহরাওয়ার্দী, খাজা নাজিমুদ্দিন এবং শেরে বাংলা একে ফজলুল হকের কবরের উপর নির্মিত ঢাকার অন্যতম স্থাপত্য নিদর্শন।



## MCQ Solution

১. রাজশাহীর বড়কুঠি নির্মিত হয়- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৮-০৯]

ⓚ ইংরেজদের আমলে ⓚ ডাচ আমলে
ⓖ রানী ভবানীর আমলে ⓖ শায়েস্তা খাঁর আমলে **উত্তর: খ**

২. **Where is the 'Uttara Ganobhaban' situated?** [Titas Gas Transmission & Distribution Co. Ltd. Deputy Asst Engineer : 11/ Sonali, Janata & Agrani Bank Ltd. Officer (Cash) : 08/ Bangladesh Bank Asst. Director : 04]

**Or,**

**উত্তরা গণভবন কোথায় অবস্থিত?** [১৯তম বিসিএস/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা) : ১৩ / বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন) : ০৭-০৮]

ⓐ Chapai Nawabganj ⓑ Rajshahi ⓒ Naogaon
ⓓ Natore ⓔ Bogra **Ans. d**

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

৩. **How old is the Dighapatia palace now known as the Uttara Ganabhaban?/ দিঘাপাতিয়া প্রসাদ (বর্তমানে উত্তরা গণভবন নামে পরিচিত) কত বছরের পুরানো?** [Agrani Bank Ltd Officer : 11]

ⓐ 150 years ⓑ 175 year ⓒ 225 years
ⓓ 250 years ⓔ 300 years **Ans. e**

৪. **ঢাকার ঐতিহাসিক আহসান মঞ্জিল নির্মিত হয় কবে?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ০৬/ কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে কারিগরি শিক্ষা জুনিয়র ইনস্ট্রাক্টর : ০৫ / কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের সহকারী পরিদর্শক (প্রকৌশল) : ০৫]

ⓚ ১৭৭২ সালে ⓚ ১৮৭২ সালে
ⓖ ১৯০৫ সালে ⓘ ১৯১৭ সালে **উত্তর: খ**

৫. **ঢাকার আহসান মঞ্জিল কে নির্মাণ করেন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]

ⓚ নবাব কুতুব উদ্দিন ⓚ নবাব হাফিজুর রহমান
ⓖ নবাব আবদুল গণি ⓘ নবাব আব্দুল লতিফ **উত্তর: গ**

৬. **আহসান মঞ্জিল কোন জেলায় অবস্থিত?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩]

ⓚ ঢাকা ⓚ চট্টগ্রাম
ⓖ রংপুর ⓘ সিলেট **উত্তর: ক**

৭. **ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদ যে এলাকায় অবস্থিত একে বলা হয়-** [Sonali, Janata, Agrani and Rupali Bank Ltd. Senior Officer : 99]

ⓚ শহীদুল্লাহ হল ⓚ এস এম হল
ⓖ কার্জন হল ⓘ এর কোনোটিই নয় **উত্তর: গ**

৮. **লর্ড কার্জন কবে 'কার্জন হল' এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫]

ⓚ ১৯০৬ সালের ১৪ ফেব্রুয়ারি ⓚ ১৯০৪ সালের ১৪ ফেব্রুয়ারি
ⓖ ১৯১৪ সালের ১৪ ফেব্রুয়ারি ⓘ ওপরের কোনোটিই নয় **উত্তর: ঘ**

৯. **Dhaka Carzon Hall was built in the year-** [Shahjalal Islami Bank Ltd. Trainee Officer : 13]
**Or,**
**ঢাকা কার্জন হল কত সালে নির্মিত হয়েছিল?** [জাতীয় বিশ্ববিদ্যালয় : ০৭-০৮]

ⓐ 1911-12 ⓑ 1946-47 ⓒ 1904-05
ⓓ 1952-53 ⓔ 1920-21 **Ans. c**

১০. **কার্জন হল কোন সালে নির্মিত হয়?** [তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২) : ০৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ৯৯-০০]

ⓚ ১৯০৪ ⓚ ১৯০৫
ⓖ ১৯০৬ ⓘ ১৯০৭ **উত্তর: ক**

১১. **বাংলাদেশের রাষ্ট্রপতির সরকারী বাসভবনের নাম কি?** [কর্মসংস্থান ব্যাংক অফিসার (ক্যাশ) : ১৫/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪/ দুর্নীতি দমন কমিশনের উপ-সহকারী পরিচালক : ১০]

ⓚ গণভবন ⓚ রাষ্ট্রপতি ভবন
ⓖ বঙ্গভবন ⓘ ইডেন ভবন **উত্তর: গ**

১২. **বাংলাদেশের কোথায় কমনওয়েলথ সমাধি রয়েছে?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট): ১৩ - ১৪]

ⓚ চট্টগ্রাম ও কুমিল্লা ⓚ কুমিল্লা ও লক্ষ্মীপুর
ⓖ ঢাকা ও গাজীপুর ⓘ কোনোটিই নয় **উত্তর: ক**

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

১৩. 'তিন নেতার মাজার' রাজধানীর কোন থানার অন্তর্গত? [তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২) : ০৪]

ⓚ লালবাগ ⓛ রমনা

ⓜ সূত্রাপুর ⓝ ধানমন্ডি উত্তর:

ব্যাখ্যা: তিন নেতার মাজার পূর্বে রমনা থানা এলাকাভুক্ত হলেও বর্তমানে তা শাহবাগ থানায় অবস্থিত।

## বাংলাদেশের প্রাচীন এবং বিখ্যাত মসজিদ

| | |
|---|---|
| ষাট গম্বুজ মসজিদ | বাগেরহাট জেলায় অবস্থিত। পঞ্চদশ শতাব্দীতে পীর খান জাহান আলী এটি নির্মাণ করেন। |
| বিনত বিবির মসজিদ | প্রাক-মুঘল আমলে নির্মিত ঢাকা শহরের প্রাচীনতম মসজিদ। নারিন্দা পুলের উত্তর দিকে অবস্থিত। ১৪৫৭ খ্রিস্টাব্দে সুলতান নাসিরউদ্দিন মাহমুদ শাহের শাসনামলে মুসাম্মত বখত বিনত বিবি এটি নির্মাণ করেন। |
| মুসা খান মসজিদ | ঢাকা শহরের প্রাকমুঘল আমলের একটি মসজিদ। এটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলের নিকটে কার্জন হলের পিছনে অবস্থিত। ঈসা খাঁর পুত্র মুসা খাঁ এটি নির্মাণ করেন। |
| দারাসবাড়ি মসজিদ | চাঁপাইনবাবগঞ্জ জেলায় অবস্থিত। ১৪৭৯ খ্রিস্টাব্দে শামসুদ্দিন আবুল মোজাফ্ফর ইউসুফ শাহের আমলে নির্মিত হয়। |
| রাজবিবি মসজিদ | চাঁপাইনবাবগঞ্জ জেলায় অবস্থিত। ১৪৮০ খ্রিস্টাব্দে নির্মিত হয়। |
| ছোট সোনা মসজিদ | চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ থানায় অবস্থিত। সুলতান আলাউদ্দিন হুসেন শাহের আমলে (১৪৯৩-১৫১৯ খ্রি:) ওয়ালী মোহাম্মদ নামক এক ব্যক্তি মসজিদটি নির্মাণ করেন। |
| চামচিকা মসজিদ | চাঁপাইনবাবগঞ্জ জেলায় অবস্থিত। ১৪৫০-১৫১৫ খ্রিস্টাব্দের মধ্যে এটি নির্মিত হয়। |
| বাঘা মসজিদ | রাজশাহী জেলায় অবস্থিত। ১৫২৩ সালে সুলতান নুসরত শাহ এটি নির্মাণ করেন। ৫০ টাকার নোটে এই মসজিদের ছবি আছে। |
| আশরাফপুর মসজিদ | নরসিংদী জেলায় অবস্থিত। সুলতান নুসরত শাহের রাজত্বকালে ১৫২৪ খ্রিস্টাব্দে দিলওয়ার খান এটি নির্মাণ করেন। |
| আওলাদ হোসেন লেনের মসজিদ | মুঘল আমলে নির্মিত ঢাকা শহরের প্রাচীনতম মসজিদ। সুবেদার ইসলাম খান এটি নির্মাণ করেন। |
| গোয়ালদিহি গায়েবী মসজিদ | সোনারগাঁওয়ে অবস্থিত। সুলতান আলাউদ্দিন হুসেন শাহের আমলে মোল্লা হিজাবর খান ১৫১৯ খ্রিস্টাব্দে এটি নির্মাণ করেন। |
| কুসুম্বা মসজিদ | নওগাঁ জেলার মান্দা থানার কুসুম্বা গ্রামের একটি প্রাচীন মসজিদ। শূর বংশের শাসক গিয়াসউদ্দিন বাহাদুর শাহের আমলে সুলাইমান নামের একব্যক্তি ১৫৫৮-১৫৫৯ খ্রিস্টাব্দে মসজিদটি নির্মাণ করেন। |

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com

| | |
|---|---|
| চকবাজার শাহী মসজিদ | ঢাকা শহরের চকবাজারে অবস্থিত একটি মোঘল আমলের মসজিদ। মুঘল সুবেদার শায়েস্তা খান ১৬৭৬ খ্রিস্টাব্দে এটি নির্মাণ করেন। |
| হাজী শাহবাজের মসজিদ | ঢাকার রমনা এলাকায় অবস্থিত। মুঘল সুবেদার শাহযাদা আযমের শাসনামলে ১৬৭৯ খ্রিস্টাব্দে হাজী শাহবাজ কর্তৃক মসজিদটি নির্মিত হয়। |
| সাত গম্বুজ মসজিদ | সাতগম্বুজ ঢাকার জাফরাবাদ এলাকায় অবস্থিত। মসজিদে চারটি মিনার + তিনটি গম্বুজ = মোট সাত, এই কারণে মসজিদের নাম হয়েছে 'সাত গম্বুজ মসজিদ'। মুঘল সুবেদার শায়েস্তা খাঁর আমলে তাঁর পুত্র উমিদ খাঁ ১৬৮০ সালে মসজিদটি নির্মাণ করেন। |
| লালদীঘি শাহী মসজিদ | রংপুর জেলায় অবস্থিত একটি প্রাচীন মসজিদ। |
| বেগমবাজার মসজিদ | পুরনো ঢাকার বেগম বাজারে অবস্থিত একটি মসজিদ। ১৭০০-১৭০৪ খ্রিস্টাব্দের মধ্যে এটি নির্মিত হয়। |
| লালবাগ শাহী মসজিদ | ঢাকার লালবাগ কেল্লার সন্নিহিত স্থানে অবস্থিত মুঘল আমলের একটি মসজিদ। ১৭০৩ খ্রিস্টাব্দে ফখরুখশিয়রের পৃষ্ঠপোষকতায় মসজিদটি নির্মিত হয়। |
| খান মহম্মদ মির্ধার মসজিদ | পুরান ঢাকার আতশখানায় অবস্থিত মুঘল আমলের একটি প্রাচীন মসজিদ। ১৭০৬ খিস্টাব্দে খান মহম্মদ মির্ধা এটি নির্মাণ করেন। |
| ওয়ালী খানের মসজিদ | চট্টগ্রাম জেলার চকবাজারে অবস্থিত। মুঘল ফৌজদার ওয়ালী বেগ খান ১৭১৩ থেকে ১৭১৬ খ্রিস্টাব্দের মধ্যে মসজিদটি নির্মাণ করেন। |
| বাজরা শাহী মসজিদ | নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার বাজরা ইউনিয়নে দিল্লির শাহী মসজিদের অনুকরণে নির্মিত বাজরা শাহী মসজিদ মুঘল সাম্রাজ্যের স্মৃতি বহন করে। মুঘল সম্রাট মুহম্মদ শাহের আমলে ১৭৩২ সালে জমিদার আমানউল্লাহ কর্তৃক নির্মিত হয়। |
| তারা মসজিদ | পুরান ঢাকার আরমানিটোলায় আবুল খয়রাত রোডে অবস্থিত। ১৮ শতকের শেষের দিকে নির্মিত হয়। মীর্জা গোলাম পীর (অন্য নাম মীর্জা আহমদ জান) এটি নির্মাণ করেন। |
| নয়াবাদ মসজিদ | দিনাজপুর জেলায় অবস্থিত। মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলমের আমলে ১৭৯৩ সালে এটি নির্মিত হয়। |
| হিন্দা কসবা শাহী জামে মসজিদ | জয়পুরহাট জেলায় অবস্থিত। পীর হযরত আবদুল গফুর চিশতীর (রহ) নির্দেশে ১৩৬৫ বঙ্গাব্দে মওলানা আবদুল খালেক চিশতী এটি নির্মাণ করেন। |
| আতিয়া জামে মসজিদ | টাঙ্গাইল জেলায় অবস্থিত। ১০ টাকার নোটে এ মসজিদের ছবি আছে। |
| বায়তুল মোকাররম | ঢাকার গুলিস্তানে অবস্থিত বাংলাদেশের জাতীয় এবং বৃহত্তম মসজিদ। ১৯৬০ সালে নির্মিত মসজিদটির স্থপতি আবুল হোসেন মোহাম্মদ থারিয়ানী। |
| বায়তুল ফালাহ | চট্টগ্রামের বৃহত্তম মসজিদ। |

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



## MCQ Solution

১. In which district of Bangladesh, is the Mosque of Binot Bibi located?/ বিনত বিবির মসজিদ কোন জেলায় অবস্থিত? [EXIM Bank Ltd. MTO : 13/ Dhaka Bank Ltd. MTO : 11]
ⓐ Chittagong ⓑ Sylhet
ⓒ Dhaka ⓓ Rajshahi
ⓔ None of these **Ans. c**

২. বিনত বিবির মসজিদ কোথায় অবস্থিত? [তথ্য মন্ত্রণালয়ের অধীনে গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার : ০৫]
ⓚ ঢাকার নারিন্দায় ⓚ রাজশাহীর পুঠিয়ায়
ⓖ জয়পুরহাটের পাঁচবিবিতে ⓖ নওগাঁর কুসুম্বায় **উত্তর: ক**

৩. ঢাকা শহরের প্রথম মসজিদ কোনটি- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪]
ⓚ চকবাজার মসজিদ ⓚ বিনত বিবির মসজিদ
ⓖ লালবাগ শাহী মসজিদ ⓖ তারা মসজিদ **উত্তর: খ**

৪. মোগল আমলে ঢাকা শহরের প্রাচীনতম মসজিদ - [আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ : ০৪]
ⓚ সাত গম্বুজ মসজিদ ⓚ লালবাগ শাহী মসজিদ
ⓖ আওলাদ হোসেন লেনের জামে মসজিদ ⓖ চকের মসজিদ **উত্তর: গ**

৫. ঢাকার বিখ্যাত 'তারা মসজিদ' তৈরি করেন- [১২তম বিসিএস/ ১০ম বিসিএস]
ⓚ শায়েস্তা খান ⓚ নওয়াব সলিমুল্লাহ
ⓖ মির্জা আহমেদ জান ⓖ খান সাহেব আবুল হাসনাত **উত্তর: গ**

৬. ঢাকার বিখ্যাত 'তারা মসজিদ' তৈরি করেছিলেন- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দানিয়ুব) : ১৩ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্যামেলিয়া) : ১২ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (টগর) : ১১]
ⓚ নবাব সলিমুল্লাহ ⓚ মির্জা আহমদ জান
ⓖ মির্জা গোলাম পীর ⓖ শায়েস্তা খান **উত্তর: খ,গ**

৭. ঢাকার তারা মসজিদ কে তৈরি করেছেন? [প্রধানমন্ত্রীর কার্যালয়ে পার্সোনাল অফিসার : ০৪]
ⓚ সুবেদার ইসলাম খান ⓚ শায়েস্তা খান
ⓖ ঈশা খান ⓖ নওয়াব সলিমুল্লাহ **উত্তর:**
ব্যাখ্যা: সঠিক উত্তর হবে মীর্জা আহমেদ জান।

৮. সাত গম্বুজ মসজিদের নির্মাতা কে? [সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪ / প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিনাই) : ১৩ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (হাসনাহেনা) : ১১ / নির্বাচন কমিশন সচিবালয়ে সহকারী পরিচালক : ৯৫]
ⓚ সুবাদার ইসলাম খান ⓚ মীর জুমলা
ⓖ মুরশীদ কুলী খান ⓖ শায়েস্তা খান **উত্তর: ঘ**

৯. সাত গম্বুজ মসজিদ কোথায় অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ১৩-১৪/ কুমিল্লা বিশ্ববিদ্যালয় : ০৬-০৭ / তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার : ০৫]
ⓚ বাগের হাট ⓚ রাজশাহী
ⓖ ঢাকা ⓖ সিলেট **উত্তর: গ**

১০. সাত গম্বুজ মসজিদ কোন সুবেদারের আমলে নির্মিত হয়? [শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার : ০৫]
ⓚ ইসলাম খান ⓚ শায়েস্তা খান
ⓖ মুর্শিদকুলী খান ⓖ শের আপগান **উত্তর: খ**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

১১. ঢাকা মোহাম্মদপুরে অবস্থিত সাত গম্বুজ মসজিদটি কবে নির্মিত হয়েছিল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১০]
ⓚ সপ্তদশ শতাব্দী ⓚ ষোড়শ শতাব্দী
ⓖ উনবিংশ শতাব্দী ⓖ পঞ্চদশ শতাব্দী
উত্তর: ক

